# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১২২

৪. কিতাবুল ঈলম (كتاب العلم)

পরিচ্ছেদঃ কুরআন ধারণকারী পথভ্রষ্ট হবে না

ذِكْرُ نَفْيِ الضَّلَالِ عَنِ الْآخِذِ بِالْقُرْآنِ

আরবী

أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ حَدَّثَنَا أَبُو خَالِدٍ الْأَحْمَرُ عَنْ عَبْدِ الْحَمِيدِ بْنِ جَعْفَرٍ عَنْ سَعِيدِ بْنِ أَبِي سَعِيدٍ الْمَقْبُرِيِّ عَنْ أَبِي شُرَيْحٍ الْخُزَاعِيِّ قَالَ خَرَجَ عَلَيْنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: "أَبْشِرُوا وَأَبْشِرُوا أَلَيْسَ تَشْهَدُونَ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَأَنِّي رَسُولُ اللَّهِ"؟ قَالُوا: نَعَم قَالَ: "فَإِنَّ هَذَا الْقُرْآنَ سَبَبٌ طَرَفُهُ بِيَدِ اللَّهِ وَطَرَفُهُ بِأَيْدِيكُمْ فَتَمَسَّكُوا به فإنكم لن تضلوا ولن تهلكوا بعده أبدا".
الراوي : أَبو شُرَيْحٍ الْخُزَاعِي | المحدث : شعيب الأرنؤوط | المصدر : صحيح ابن حبان
الصفحة أو الرقم: 122 | خلاصة حكم المحدث: إسناده حسن على شرط مسلم

বাংলা

১২২. আবু শুরাইহ আল খুযা'ইয়্যি রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একদিন আমাদের কাছে আসলেন এবং বললেন: “তোমরা শুভ সংবাদ গ্রহন করো, তোমরা শুভ সংবাদ গ্রহন করো। তোমরা কী সাক্ষ্য দাও না যে, আল্লাহ ছাড়া প্রকৃত কোন মা'বুদ নেই এবং আমি আল্লাহর রাসূল? সাহাবীগণ বললেন যে, হ্যাঁ, অবশ্যই আমরা এটা সাক্ষ্য দেই। তিনি বললেন: নিশ্চয়ই এই কুরআন এমন একটি রশি যার এক প্রান্ত আল্লাহর হাতে আর এক প্রান্ত তোমাদের হাতে রয়েছে। তোমরা এটিকে মজবুতভাবে আঁকড়ে ধরবে, তাহলে তোমরা কখনই পথভ্রষ্ট হবে না, এবং কখনই ধ্বংস হয়ে যাবে না।” [1]

ফুটনোট

[1] তাবারানী, আল মু'জামুল কাবীর: ৪৯১; মুসান্নাফ ইবনু আবি শায়বাহ: ৩০০০৬; শু'আবুল ঈমান: ১৭৯২। আল্লামা শুআইব আল আরনাঊত হাদীসটিকে মুসলিমের শর্তে হাসান বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ

হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহা: ৭১৩)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ শুরাইহ্ খুওয়াইলিদ ইবনু আমর খুযায়ী (রা.)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88213

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন